
সংবাদ

তারিখ 31 MAR 2003
পৃষ্ঠা ১২ কলাম ৫




রোববার কমিউনিটি প্রাথমিক শিক্ষকরা চাকরি জাতীয়করণসহ ৫ দফা দাবিতে সমাবেশ করেন —সংবাদ

# ৫ দফা দাবিতে কমিউনিটি প্রাথমিক শিক্ষকদের আমরণ অনশন শুরু

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ চাকরি জাতীয়করণসহ ৫ দফা দাবিতে বাংলাদেশ কমিউনিটি প্রাথমিক বিদ্যালয় শিক্ষকরা রোববার থেকে কেন্দ্রীয় শহীদ মিনারে আমরণ অনশন শুরু করেছেন। এর আগে তারা প্রধানমন্ত্রীর কাছে স্মারকলিপি দিয়েছেন।

সকাল থেকে দেশের বিভিন্ন এলাকা থেকে আগত শিক্ষকবৃন্দ কেন্দ্রীয় শহীদ মিনারে জড়ো হতে থাকেন। কমিউনিটি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি মো. জহিরুল ইসলামের সভাপতিত্বে এখানে অনুষ্ঠিত এক সমাবেশে অন্যদের মধ্যে বক্তৃতা করেন মানবাধিকার ব্যুরোর মহাসচিব অ্যাডভোকেট মো. শাহজাহান, পুলিশের সাবেক ডিআইজি আ. হাকিম খান, সেলিম ভূঁইয়া, খন্দকার রহুল আমিন প্রমুখ।

সমাবেশে নেতৃবৃন্দ রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের মতো জাতীয় বেতন স্কেলে অন্তর্ভুক্তকরণ, প্রধান শিক্ষকের পদ স্থায়ীকরণ ও সার্ভিস বুক চালুকরণ, আনুষঙ্গিক খরচ ৩০ টাকা থেকে ১শ' ৫০ টাকায় উন্নীতকরণ এবং প্রতি মাসে বেতন প্রদান করার দাবি জানান।

সমাবেশশেষে প্রধানমন্ত্রীর কাছে

আমরণ ঃ পৃঃ ২ কঃ ৭

## আমরণ ঃ অনশন

( ১২ পৃষ্ঠার পর )

স্মারকলিপি দেয়ার উদ্দেশ্য শিক্ষকরা মিছিল সহকারে তার কার্যালয় অভিমুখে যাত্রাকালে শাহবাগ মোড়ে পুলিশ তাদের বাধা দেয়। পরে ৩ সদস্যের একটি প্রতিনিধিদল প্রধানমন্ত্রীর কার্যালয় গিয়ে স্মারকলিপি দেয়। কিন্তু প্রধানমন্ত্রী এ সময় কার্যালয়ে উপস্থিত ছিলেন না। তাই শিক্ষকদের ৫ দফা দাবি বিষয়ে সরকারের মনোভাব জানতে না পেরে বিকেল থেকে তারা শহীদ মিনারে আমরণ অনশন শুরু করেন।